মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ সিডিএ এভিন্যু, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

E-mail : ic@bise-ctg.gov.bd, **Website**: www.bise-ctg.gov.bd



স্মারক নং : চশিবো/ক-শা/বিবিধ/৫৭/৯৫/৬৩০৭ (৩০০)

তারিখ : ০১/০৯/২০২৬ খ্রি.

জরুরি বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে অনলাইন লিংক/ওয়েবসাইট এর ঠিকানা প্রকাশ প্রসঙ্গে।

সূত্রঃ
১। শিক্ষা মন্ত্রণালয়ের আরক নং-৩৭,০০,০০০০,০৬৭.১৪.০১.২০১৬-২৪২, তারিখ: ২৪/০৮/২০২৬
২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং-২২৪/ক/শিম/২০১২ (কলেজ)/১৫৯০, তারিখ: ২৪/০৮/২০২৬
৩। আন্ত: শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি,র স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৬০০ তারিখ: ৩০/০৮/২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ও বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর আওতাভূক্ত উচ্চমাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং সমমানের শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অনলাইনের মাধ্যমে শিক্ষার্থী ভর্তির লক্ষ্যে নির্ধারিত ভর্তি ওয়েবসাইট: **https://xiclassadmission.gov.bd** -তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ ভর্তির যোগ্যতা সাপেক্ষে সর্বনিম্ন ০৫ (পাঁচ) টি এবং সর্ব্বোচ্চ ১০ (দশ) টি কলেজ/সমমানের প্রতিষ্ঠানে আবেদন করতে পারবেন।

বিঃ দ্রঃ বোর্ডের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট ব্যতীত অন্য কোন ফেইক ওয়েবসাইটের বিজ্ঞাপন হতে কোন শিক্ষার্থী ও অভিভাবক প্রতারিত হলে বোর্ড কর্তৃপক্ষ কোনক্রমেই এর দায় বহন করবে না।

১/৯/২০২৬

(প্রফেসর মোহাম্মদ মোছলেহ্ উদ্দীন)
উপ-কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।

বিতরণ :

সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকগণ